উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়
দেশ গড়বো সমাজসেবায়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০৭.২৩. ৭৬৭

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩০
০৪ ডিসেম্বর ২০২৩

বিষয়: নভেম্বর, ২০২৩-এর মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) প্রেরণ।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২০ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.১৮ (অংশ-২)-০১ অফিস স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত "ছক" মোতাবেক সমাজসেবা অধিদপ্তরের নভেম্বর, ২০২৩-এর মাসিক অগ্রগতি প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) সদয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে (সফট কপি ই-মেইলে প্রেরণ করা হলো)।

০৪/১২/২০২৩

ড. আবু সালেহ্ মোস্তফা কামাল
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১৮৫৭১
ই-মেইল: dg@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজসেবা অধিদপ্তর।
প্রতিবেদনাধীন মাসের নাম: নভেম্বর ২০২৩ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০৩-১২-২০২৩ খ্রি:

### (১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১৩২৪২ | ১০০৫২ | ৩১৯০ | |
| মোট | ১৩২৪২ | ১০০৫২ | ৩১৯০ | |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন-ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয়। | প্রযোজ্য নয়। | ১৪৮ | ৪৪২ | ১৯৬৬ | ৬৩৪ | ৩১৯০ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

পরিচালক -০১টি
সিস্টেম এনালিস্ট -০১টি
উপপরিচালক -০৫টি
সহকারী পরিচালক -১৮টি
সমাজসেবা অফিসার/সমমান -১২৩টি

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | - | - | - | - | - | - |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক. অপরাধ সংক্রান্ত : প্রযোজ্য নয়।

খ. দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রযোজ্য নয়।

গ. জেলে বন্দীর সংখ্যাঃ প্রযোজ্য নয়।

গ.১ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রযোজ্য নয়।

ঘ. প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক) উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত: (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৭২৮.২৪০৮<br>(সাতশত আটাশ কোটি চব্বিশ লক্ষ আট হাজার টাকা) | ১০৫.৪২৩৬৩<br>(একশত পাঁচ কোটি বিয়াল্লিশ লক্ষ ছত্রিশ হাজার তিনশত টাকা)<br>১৪% | - | - |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| - | ১। ৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়, ২২টি জেলা) (১ম সংশোধিত)<br>২। ০৮টি সরকারি শিশু পরিবারে ২৫ শয্যাবিশিষ্ট শান্তি নিবাস স্থাপন ( ১ম সংশোধিত) | - | -- |

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রযোজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রযোজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রযোজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রযোজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রযোজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদপ্তর | সাধারণ-৩৯৫টি (NON –SFI)<br>অগ্রিম- ২৩৮টি (SFI)<br>মোট- ৬৩৩টি | টাকার পরিমাণ<br>৬১৩,৪৪,০৭,৭৬৩/-<br>৭৪৮,২৫,২৪,৪১১/-<br><br>১৩৬১,৬৯,৩২,১৭৪/-<br>(এক হাজার তিনশত একষট্টি কোটি উনসত্তর লক্ষ বত্রিশ হাজার একশত চুয়াত্তর টাকা) | সাধারণ-১৭১টি<br>সিদ্ধান্ত-(-)১২টি<br>১৫৯টি<br>অক্টোবর(+)৮টি<br>মোট=১৬৭টি<br><br>অগ্রিম- ২৫১টি<br>সিদ্ধান্ত-(-)০৬টি<br>২৪৫টি<br>অক্টোবর(+)৬টি<br>মোট=২৫১টি<br><br>মোট- ৪১৮টি | সাধারণ-০১টি<br>অগ্রিম- ০২টি<br>মোট- ০৩টি<br><br>টাকার পরিমাণ<br>সাধারণ-১,৭০,৫০,০০০/-<br>অগ্রিম- ২,১৫,৬৭৩/-<br>মোট- ১,৭২,৬৫,৬৭৩/-<br>(এক কোটি বায়াত্তর লক্ষ পঁয়ষট্টি হাজার ছয়শত তিয়াত্তর টাকা) | সাধারণ-৩৯৪টি (NON –SFI)<br>অগ্রিম- ২৩৬টি (SFI)<br>মোট- ৬৩০টি<br><br>টাকার পরিমাণ<br>৬১১,৭৩,৫৭,৭৬৩/-<br>৭৪৮,২৩,০৮,৭৩৮/-<br><br>১৩৫৯,৯৬,৬৬,৫০১/-<br>(এক হাজার তিনশত উনষাট কোটি ছিয়ানব্বই লক্ষ ছিষট্টি হাজার পাঁচশত এক টাকা) | ১। ১৬টি অগ্রিম অনুচ্ছেদ নিষ্পত্তি করার লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা ১৯/০৯/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ১৬টি আপত্তিই নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। প্রশাসনিক মন্ত্রণালয়ের ৫/১১/২৩ তারিখের ৩১৫ সংখ্যক পত্রের মাধ্যমে নিষ্পত্তিপত্র জারী করার লক্ষ্যে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>২। ১৭টি অগ্রিম অনুচ্ছেদ নিষ্পত্তি করার লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা ২৬/০৯/২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ৫টি আপত্তি পূর্বে নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ১২টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। প্রশাসনিক মন্ত্রণালয়ের ৬/১১/২৩ তারিখের ৩১৯ সংখ্যক পত্রের মাধ্যমে নিষ্পত্তিপত্র জারী করার লক্ষ্যে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>৩। গত ০২/১০/২০২৩ তারিখ জেলা সমাজসেবা কার্যালয়, যশোর এ ১০টি আপত্তি নিষ্পত্তির বিষয়ে দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। ৮টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। নিষ্পত্তি পত্র জারী কারার লক্ষ্যে কার্যপত্র অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | প্রতিবেদনাধীন মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত /বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১০৬ | ০০ | ১০৬ | ০০ | ০৪ | ০১ | ০৫ | ২২ | ১০১<br>১ম শ্রেণির ৩৪ টি,<br>২য় শ্রেণির ০৬ টি,<br>৩য় শ্রেণির ৪৩ টি,<br>৪র্থ শ্রেণির ১৮ টি<br>মোট = ১০১ টি |

(৯) **মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত ২৩টি ট্রেডে ০৩ মাস, ০৬ মাস ৩৬০ ঘন্টার ব্যাসিক ট্রেড কোর্স | শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র | জানুয়ারি-জুন ২০২৩ সেশনে ৯৫৮১ জন<br>নারী প্রশিক্ষণার্থী-৫২৭০ জন<br>পুরুষ প্রশিক্ষণার্থী-৪৩১১ জন |
| ২ | Upazila Social Services Officer's Capacity and Skill Development (2nd batch) | ২৯ অক্টোবর হতে ০২ নভেম্বর ২০২৩ | | ৩০ জন |
| ৩ | Upazila Social Services Officer's Capacity and Skill Development (3rd batch) | ১২ - ১৬ নভেম্বর ২০২৩ | জাতীয় সমাজসেবা একাডেমি | ৩২ জন |
| ৪ | Upazila Social Services Officer's Capacity and Skill Development (4th batch) | ২৬ - ৩০ নভেম্বর ২০২৩ | | ২৯ জন |
| ৫ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ২৯ অক্টোবর হতে ০২ নভেম্বর ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী | ৩৪ জন |
| ৬ | বেসিক কম্পিউটার এপ্লিকেশন ও স্কীল ডেভেলপমেন্ট | ৩০ অক্টোবর হতে ০১ নভেম্বর ২০২৩ | | ২২ জন |
| ৭ | ডি-নথি ও দপ্তর ব্যবস্থাপনা | ০৫ হতে ০৭ নভেম্বর ২০২৩ | | ২৪ জন |
| ৮ | ডি-নথি ও দপ্তর ব্যবস্থাপনা | ১২ - ১৪ নভেম্বর ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম | ২৪ জন |
| ৯ | কম্পিউটার এপ্লিকেশন এন্ড অফিস ম্যানেজমেন্ট | ২১ - ২৩ নভেম্বর ২০২৩ | | ২৬ জন |
| ১০ | কম্পিউটার এপ্লিকেশন এন্ড অফিস ম্যানেজমেন্ট | ২৬ - ২৮ নভেম্বর ২০২৩ | | ২৬ জন |
| ১১ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ১৯ - ২৩ নভেম্বর ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা | ৩০ জন |
| ১২ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মান উন্নয়ন | ১২ - ১৪ নভেম্বর ২০২৩ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট | ২৪ জন |

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৩ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মান উন্নয়ন | ১৮ - ২০ নভেম্বর ২০২৩ | | ১৯ জন |
| ১৪ | দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা কার্যক্রম ব্যবস্থাপনা | ০৫ দিন | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল | ৩৮ জন |
| ১৫ | পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মান উন্নয়ন | ০৩ দিন | | ৪০ জন |
| ১৬ | সরকারি ক্রয় ব্যবস্থাপনা | ০৩ দিন | | ৪০ জন |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:

| ক্র: | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | ডি-নথি ব্যবহার | ০২, ০৫ এবং ০৬ নভেম্বর ২০২৩ | সমাজসেবা অধিদপ্তর | ৬৭ জন |
| ০২ | ইনহাউজ প্রশিক্ষণ | ২৯ নভেম্বর ২০২৩ | জাতীয় সমাজসেবা একাডেমি | ১৪ জন |

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : নেই।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বিভিন্ন কার্যালয়ে/ প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ১৪৮ জন, ২য় শ্রেণির ৪৪২ জন, ৩য় শ্রেণির ১,৯৬৬ জন এবং ৪র্থ শ্রেণির ৬৩৪ জনসহ মোট ৩ হাজার ১৯০ জনের জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী:

(০১) ২০২৩-২৪ অর্থবছরে ভাতা ব্যবস্থাপনা সিস্টেম (MIS) এ এন্ট্রিকৃত মোট ১ কোটি ১৩ লক্ষ ৭৬ হাজার জন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ও প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির অর্থ মোবাইল/এজেন্ট ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে। ২০২৩-২৪ অর্থবছরের ১ম কিস্তির ৯৯ লক্ষ ১৩ হাজার জনের (৩০ নভেম্বর ২০২৩ পর্যন্ত) ই-বিল দেয়া হয়েছে। বিতরণের হার ৪২.৯৯%। অবশিষ্ট যে সকল ভাতাভোগীর লাইভ ভেরিফিকেশন সম্পন্ন হয়েছে তাদের পেরোল আসা প্রক্রিয়াধীন রয়েছে। বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার জন্য নতুন ভাতা প্রাপ্তির অনলাইন আবেদন জমা পড়েছে মোট ৩৭ লক্ষ ৭ হাজার (৩০ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত)।

(০২) ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে পল্লী সমাজসেবা কার্যক্রম খাতের বরাদ্দকৃত ৩০ কোটি টাকা হতে প্রশিক্ষণ খাতে ১ম কিস্তি বাবদ ০৭ লক্ষ ৪৮ হাজার টাকা ১০টি জেলা সমাজসেবা কার্যালয়ের সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে স্থানান্তর করা হয়েছে। ১ম কিস্তি বাবদ অন্যান্য মনিহারি খাতের ০৩ লক্ষ ৭২ হাজার টাকা এবং অন্যান্য অনুদান খাতের ০৭ কোটি ৩০ লক্ষ ৭৫ হাজার টাকা ঢাকা ও ময়মনসিংহ বিভাগের ১২৪টি উপজেলা সমাজসেবা কার্যালয়ের সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়েছে।

(০৩) ২০২৩-২০২৪ অর্থবছরের দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতের ১ম কিস্তি বাবদ ৫৩ লক্ষ টাকা উপজেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে।

(০৪) ২০২৩-২৪ অর্থবছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রম খাতের ১ম কিস্তি বাবদ ৬ কোটি ২৫ লক্ষ টাকার চেক পাওয়া গিয়েছে। উক্ত টাকা মাঠ পর্যায়ে প্রেরণের নিমিত্ত সোনালী ব্যাংক লিমিটেড, মতিঝিল স্থানীয় কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(০৫) ২০২৩-২৪ অর্থবছরে শহর সমাজসেবা কার্যক্রমের আবর্তক ক্ষুদ্রঋণ খাতে বরাদ্দকৃত ১৫ কোটি টাকার মধ্যে অন্যান্য অনুদান বাবদ ১৩ কোটি ৯০ লক্ষ টাকার ২য় কিস্তি বাবদ ৩ কোটি ৪৭ লক্ষ ৫০ হাজার টাকার অর্থ ছাড়ের প্রস্তাব প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া ১ম কিস্তির ৩ কোটি ৪৭ লক্ষ ৫০ হাজার টাকা মাঠ পর্যায়ে বিতরণ সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত ৬০ লক্ষ টাকার মধ্যে ১ম কিস্তি বাবদ ১৫ লক্ষ টাকা মাঠ পর্যায়ের ৭৮টি কার্যালয়ে বিতরণ করা হয়েছে। অন্যান্য মনিহারি খাতে বরাদ্দকৃত ৫০ লক্ষ টাকার মধ্যে ১ম কিস্তি বাবদ ১২ লক্ষ ৫০ টাকা মাঠ পর্যায়ের ৭৮টি কার্যালয়ে বিতরণ করা হয়েছে। প্রশিক্ষণ ও অন্যান্য মনিহারি খাতের ২য় কিস্তির অর্থ বরাদ্দের কার্যক্রম চলমান রয়েছে।

(০৬) হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে সারাদেশের জেলা ও উপজেলা পর্যায়ের ৫৩৩টি হাসপাতালে নভেম্বর ২০২৩ মাসে মোট ৬৮ হাজার ৬২৭ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। তন্মধ্যে আর্থিকভাবে উপকৃতের সংখ্যা ১৬ হাজার ৬৫৩ জন, সামাজিকভাবে উপকৃতের সংখ্যা ৫১ হাজার ৯৭৩ জন এবং পুনর্বাসন ০১ জন। সরকারি অনুদান, ব্যক্তি বা সংস্থা কর্তৃক প্রদত্ত দান-অনুদান, যাকাত, ফিতরা, সমিতির সদস্য চাঁদা ইত্যাদির মাধ্যমে নভেম্বর ২০২৩ মাসে সংগৃহীত ৫৩৩টি রোগীকল্যাণ সমিতির সর্বমোট আয় ১ কোটি ৮ লক্ষ ৮৬ হাজার ৫৯৪ টাকা এবং ঔষধ, বিভিন্ন চিকিৎসা সহায়ক সামগ্রী, যাতায়াত ভাড়া, পথ্য, সরাসরি দ্রব্যসামগ্রী দান ইত্যাদি বাবদ সর্বমোট ব্যয় ১ কোটি ৯১ লক্ষ ৮০ হাজার ৩৯৯ টাকা।

(০৭) প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রমের আওতায় নভেম্বর ২০২৩ মাসে আদালত কর্তৃক মোট ৬২৭ জন দোষী সাব্যস্ত ব্যক্তিকে প্রবেশনে দেওয়া হয়েছে। মনিটরিং, ফলোআপ ও সংশোধনের মাধ্যমে মোট ৩৯৬ জন প্রবেশনারকে প্রবেশনের মেয়াদ শেষে অব্যাহতির জন্য আদালতে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। আদালত কর্তৃক বিকল্পপন্থা বা ডাইভারশন প্রদানকৃত ২৭৮ জন শিশুকে শিশু আইন, ২০১৩ (সংশোধিত ২০১৮) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ৭৬ জন সুবিধাবঞ্চিত শিশুকে বিকল্প পরিচর্যায় প্রেরণ করা হয়েছে। অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে ১১৬ জন প্রবেশনার এবং কারাগার থেকে মুক্তিপ্রাপ্ত ১২৯ জন ব্যক্তিকে পুনর্বাসন করা হয়েছে। কারাগারের অভ্যন্তরে পরিচালিত বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে মোট ১ হাজার ৮৬৭ জন কয়েদিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। নভেম্বর ২০২৩ মাসে অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির ব্যয়ের পরিমাণ ৪ লক্ষ ৩৪ হাজার ৭৯ টাকা।

(০৮) হিউম্যান প্যাপিলোমা ভাইরাস (HPV) এর টিকাদান সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে জেলাধীন প্রতিষ্ঠানের ১০-১৪ বছর বয়সী কিশোরীদেরকে ১ ডোজ করে (HPV) টিকা প্রদান কার্যক্রমে অংশগ্রহণের নিমিত্ত অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.১৮.০০৪.২২.১৫১ তারিখ ১৩ নভেম্বর ২০২৩ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(০৯) ২০১১-২০১২ অর্থবছর থেকে দেশব্যাপী প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি চলমান রয়েছে। নভেম্বর ২০২৩ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ৩৩ লক্ষ ৫৮৮ জন।

## (১০) গ. আগামী ২ মাসে (ডিসেম্বর ২০২৩ ও জানুয়ারি ২০২৪) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(০১) সামাজিক নিরাপত্তা কর্মসূচির সকল ভাতাভোগীর ২য় কিস্তির (জানুয়ারি ২০২৪ মাসের) ভাতা ও উপবৃত্তির অর্থ তাদের মোবাইল হিসাব নম্বরে জিটুপি পদ্ধতিতে প্রেরণ করা হবে। নিয়মিত এবং বর্ধিত উপকারভোগীর সকল ভাতা ও উপবৃত্তির অর্থ তাদের মোবাইল হিসাব নম্বরে জিটুপি পদ্ধতিতে প্রেরণ করা হবে।

(০২) ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে পল্লী সমাজসেবা কার্যক্রমের আবর্তক ক্ষুদ্রঋণ খাতে বরাদ্দকৃত ৩০ কোটি টাকা হতে ২য় কিস্তি বাবদ অন্যান্য অনুদান (আবর্তক অনুদান/ক্ষুদ্রঋণ) খাতে ৭ কোটি ৫০ লক্ষ টাকার মঞ্জুরি আদেশের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে।

(০৩) ২০২৩-২৪ অর্থবছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ১ম কিস্তি বাবদ ৫ কোটি ৯৫ লক্ষ ৮৫ হাজার টাকা মাঠ পর্যায়ে বিতরণ করা হবে। ২০২৩-২৪ অর্থবছরের পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের ২য় কিস্তি বাবদ ৬ কোটি ২৫ লক্ষ টাকা ছাড়করণের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

(০৪) ২০২৩-২৪ অর্থবছরের শহর সমাজসেবা (ইউসিডি) কার্যক্রমের ১৫ কোটি টাকার মধ্যে আবর্তক ক্ষুদ্রঋণ খাতের ২য় কিস্তির ১৩ কোটি ৯০ লক্ষ টাকা ছাড়করণের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। ২১টি শহর সমাজসেবা কার্যালয়ের সুদমুক্ত ও দক্ষতা উন্নয়ন এর নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা হবে।

(০৫) সমাজসেবা আধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের নিবাসিদের এইচ এস সি/২০২৩ পরীক্ষার ফলাফল সংগ্রহপূর্বক একীভূত আকারে প্রস্তুতের নিমিত্ত প্রবেশপত্র সংগ্রহ করা হবে।

(০৬) উন্নয়ন প্রকল্পসমূহের মাধ্যমে সমাজের অনগ্রসর, অবহেলিত, সুবিধাবঞ্চিত, নিগৃহিত ও পশ্চাদপদ জনগোষ্ঠীর মাঝে বিভিন্ন ধরনের বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে।

## ঘ. আগামী দুই মাসে (ডিসেম্বর ২০২৩ ও জানুয়ারি ২০২৪) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

04/12/23

04/12/23
মোছাঃ নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আর ও)
গবেষণা, মূল্যায়ন প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা।

লাভলী খানম
সহকারি পরিচালক
গবেষণা, মূল্যায়ণ, প্রকাশনা ও জনসংযোগ
সদর কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর।

আদিল মোস্তাকীন
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।